

বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA)
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (৪র্থ তলা)
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০
ফ্যাক্স: ০২-৪১০৩০০৪৯, ওয়েবসাইট: www.ntrca.gov.bd
ই-মেইল: office@ntrca.gov.bd




স্মারক নম্বর: ৩৭.০৫.০০০০.০১০.০৯.০০১.২০. ৩৬০৭

তারিখ: ৩১ আগস্ট, ২০২০ খ্রি.

বিষয় : কারিগরি প্রতিষ্ঠানে প্রভাষক পদে নিবন্ধনধারী শিক্ষকগণ কৃষি ডিপ্লোমা শাখার ইন্সট্রাক্টর (নন-টেক) পদের নিয়োগ লাভ করে এমপিওভুক্তির জন্য বিবেচনা করা হবে কিনা এ বিষয়ে মতামত প্রদান।

সূত্র : কারিগরি শিক্ষা অধিদপ্তরের স্মারক নম্বর- ৫৭.০৩.০০০০.০২৮.১৮.০০৩.১৯.১৩, তারিখ- ০৮.০৭.২০২০ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কৃষি ডিপ্লোমা ইনস্টিটিউট এর ইন্সট্রাক্টর (নন-টেক) পদে বাংলা, ইংরেজি, গণিত, পরিমিতি ও পরিসংখ্যান, পদার্থ, রসায়ন ও ব্যবস্থাপনা বিষয়ে পরীক্ষা গ্রহণ ১৫তম শিক্ষক নিবন্ধন পরীক্ষা ২০১৮ থেকে আরম্ভ হয়েছে। ২০১৮ এর পূর্বে উক্ত বিষয়ে কোন নিবন্ধন পরীক্ষা গ্রহণ করা হয়নি। ২০১৮ এর পূর্বের জনবল কাঠামোতে যদি উল্লিখিত পদসমূহ থেকে থাকে তবে উক্ত পদে কারিগরি প্রতিষ্ঠানের জন্য সংশ্লিষ্ট বিষয়ে প্রভাষক পদে নিবন্ধনধারী শিক্ষকগণকে এমপিওভুক্ত করা হবে কিনা সে বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করার এখতিয়ার তাঁর কার্যালয়ের রয়েছে। এ ক্ষেত্রে এনটিআরসিএ'র মতামত দেয়ার কোন আইনগত সুযোগ নেই। কেননা, এনটিআরসিএ'র দায়িত্ব হচ্ছে নিবন্ধন পরীক্ষা গ্রহণের মাধ্যমে সনদ ইস্যু করা এবং প্রতিষ্ঠানের চাহিদার ভিত্তিতে শিক্ষক নিয়োগের সুপারিশ করা।


(মোঃ আকরাম হোসেন)
চেয়ারম্যান (অতিরিক্ত সচিব)
এনটিআরসিএ, ঢাকা
chairman@ntrca.gov.bd
☎: ০২-৪১০৩০০৪৩

প্রাপক:

মহাপরিচালক
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা।

অনুলিপি:

১. সচিব, কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. উপসচিব, এমপিও শাখা, কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. অধ্যক্ষ, নামাজগড় গাউসুল আজম কামিল মাদরাসা, নওগাঁ।
৪. সিস্টেম এনালিস্ট, এনটিআরসিএ, ঢাকা (পত্রটি এনটিআরসিএ'র ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)।